রিওপেনিং নিউ ইয়র্ক

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলি সংক্রান্ত ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে সেই সকল রাজ্যব্যাপী গবেষণা ফেসিলিটিগুলির ক্ষেত্রেও প্রযোজ্য যাদের পূর্বে অপরিহার্য হিসেবে কাজ করার অনুমোদন দেওয়া হয়েছিল। বিস্তারিত জানার জন্য "উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা" (Interim COVID-19 Guidance for Higher Education Research) দেখুন।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলিকে উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণা সংক্রান্ত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কাজে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
শারীরিক দূরত্ব	✓ অভ্যন্তরে সংঘটিত যে কোনো গবেষণামূলক কার্যক্রমের জন্য, মোট লোকসংখ্যা একটি নির্দিষ্ট এলাকার জন্য দখল- শংসাপত্র দ্বারা নির্ধারিত সর্বোচ্চ দখলের 50% পর্যন্ত সীমাবদ্ধ করা হয়। ✓ কর্মীদের মধ্যে সব সময় অন্তত 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে, যদি না নিরাপত্তা অথবা মূল কার্যকলাপের জন্য কম দূরত্বের প্রয়োজন হয়। যখনই কোনো ব্যক্তিকে অন্য ব্যক্তির 6 ফুটের মধ্যে আসতে হবে, তাদের অবশ্যই একটি গ্রহণযোগ্য মুখ আবরণ পরতে হবে। ✓ ফ্যাসিলিটির ধারণক্ষমতা গননা করার সময় অবশ্যই গবেষণার বিষয় যে মানুষরা, তাদের কথা বিবেচনা করতে হবে এবং এই নির্দেশিকার মধ্যে থাকা কর্মীদের জন্য সকল দূরত্ব, PPE, এবং অন্যান্য প্রয়োজনীয়তা মেনে চলতে হবে। ✓ অত্যাবশ্যক নয় এমন জনসমাগম (যেমন কর্মীদের মিটিং) যতটা সম্ভব সীমিত করুন। ✓ সাইটে অপরিহার্য নয় এমন দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ করুন, যতদূর সম্ভব।	✓ ওয়ার্কস্টেশনের ব্যবহার পরিবর্তন এবং/অথবা সংখ্যা সীমাবদ্ধ করুন, যাতে কর্মীরা সব দিক থেকে অন্তত 6 ফুট দূরত্বে থাকেন (যেমন, পাশাপাশি ভাবে এবং যখন একে অপরের মুখোমুখি হন) এবং ব্যবহারের মধ্যবর্তী সময়ে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কোনো ওয়ার্কস্টেশন শেয়ার না করেন। ✓ একটি নির্দিষ্ট সময়ে অবস্থানে থাকার জন্য প্রয়োজন ব্যক্তির সংখ্যা হ্রাস করুন। যেখানে একজন ব্যক্তি নিরাপদে কার্যকলাপ সম্পন্ন করতে পারেন সেখানে শুধুমাত্র একজন ব্যক্তি পর্যন্ত কার্যকলাপ সীমিত করুন (উদাহরণস্বরূপ পশুদের খাওয়ানোর জন্য উপস্থিত একজন ব্যক্তি)। ✓ যে কর্মীরা এমন বিশেষ সরঞ্জাম পরিচালনা করেন যা দূর থেকে নিয়ন্ত্রণ করা যেতে পারে, তাদের তা করতে উৎসাহিত করুন। ✓ একই সময়ে একজনের বেশি ব্যক্তিকে একটি ছোটো জায়গার (যেমন লিফট, কর্মীদের ঘর) ব্যবহার নিষিদ্ধ করুন, যদি না সেই জায়গার সকল ব্যক্তি মুখের আবরণ পরে থাকেন। ওই স্থানে একাধিক ব্যক্তি থাকলে, সর্বাধিক যতজন ওই স্থানে থাকতে পারবেন তার 50% এর কম থাকুন। ✓ সম্ভব হলে কর্মীদের বাড়ি থেকে কাজ করতে উৎসাহিত করুন, এবং কর্মীদের জন্য রিটার্ন-টু-অফিস টিয়ার/ওয়েভ তৈরি করুন, ফাংশন, নিরাপদ পরিবহন এবং দূর থেকে কাজ করার ক্ষমতার মতো বিষয়গুলির উপর ভিত্তি করে। ✓ নির্ধারিত কাজগুলোর সময় আগু-পিছু করে এবং অধিকৃত অঞ্চলগুলি নির্দেশ করতে চিহ্ন ব্যবহার করে একই অঞ্চলে একাধিক কর্মীর গোষ্ঠী এবং/অথবা দলের কাজ করা এড়িয়ে যান। ✓ সংকীর্ণ আইল,হলওয়ে বা জায়গায় তীর চিহ্ন দিয়ে সঙ্কেত স্থাপন করে দ্বিমুখী পায়ে চলাচল হ্রাস করা। ✓ অন-সাইট আলাপচারিতা সীমিত করুন (উদাহরণস্বরূপ ব্রেক রুমে প্রবেশ সীমাবদ্ধ করা, আগু-পিছু করা সময়সূচী) এবং চলাচল (উদাহরণস্বরূপ কর্মীদের যত দূর সম্ভব ওয়ার্কস্টেশনের কাছাকাছি থাকা উচিত)। ✓ অপরিহার্য নয় এমন সুবিধাদি এবং সাম্প্রদায়িক এলাকাগুলি বন্ধ করুন যা জন সমাবেশ কে উৎসাহিত করে অথবা বেশি স্পর্শ করা হয়। ✓ যখন সম্ভব টেলি- বা ভিডিও-কনফারেন্সিং ব্যবহার করুন।

রিওপেনিং নিউ ইয়র্ক

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলি সংক্রান্ত ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে সেই সকল রাজ্যব্যাপী গবেষণা ফেসিলিটিগুলির ক্ষেত্রেও প্রযোজ্য যাদের পূর্বে অপরিহার্য হিসেবে কাজ করার অনুমোদন দেওয়া হয়েছিল। বিস্তারিত জানার জন্য "উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা" (Interim COVID-19 Guidance for Higher Education Research) দেখুন।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলিকে উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণা সংক্রান্ত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কাজে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
শারীরিক দূরত্ব (চলছে)		✓ সাধারণত ব্যবহৃত এলাকাগুলিতে এবং অন্যান্য এলাকা যেখানে সমাবেশের সম্ভাবনা বেশি (যেমন ক্লক ইন/আউট স্টেশন, ল্যাবের বেঞ্চ) সেখানে 6 ফুট ব্যবধান চিহ্নিত করে টেপ বা চিহ্ন ব্যবহারের মাধ্যমে সামাজিক দূরত্বের মার্কার চিহ্নিত করুন। ✓ ওয়ার্কস্টেশন এবং অন্যান্য সাধারণ স্থায়ী কাজের এলাকার চারপাশে 6 ফুট দূরত্বের বৃত্ত চিহ্নিত করুন। ✓ ল্যাব/ফ্যাসিলিটি ব্যবহারের সাইন-আপ নীতি বাস্তবায়ন করুন।
প্রতিরক্ষামূলক সরঞ্জাম	✓ কর্মচারীদের বিনা খরচে একটি গ্রহণযোগ্য মুখের আবরণ প্রদান করতে হবে এবং প্রতিস্থাপনের প্রয়োজন হলে তার জন্য আবরণের এক পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে। ✓ গ্রহণযোগ্য মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সেগুলির মধ্যেই সীমাবদ্ধ নয়, কাপড় (যেমন বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাট, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, এবং ফেস শিল্ড। কিন্তু, নিষ্পত্তিযোগ্য বা বাড়িতে তৈরি কাপড়ের মুখের আবরণ সেই সকল কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য নয় যেখানে সাধারণত কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম PPE এর ক্ষেত্রে উচ্চ মাত্রার সুরক্ষার প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ যদি দাহ্য পদার্থ বা রাসায়নিক পদার্থ নিয়ে কাজ করা হয়, তাহলে নিশ্চিত করুন যে মুখের আবরণ যেন অগ্নি-প্রতিরোধক হয়)। ✓ মুখের আবরণগুলি পরিষ্কার করুন, বদলান এবং শেয়ার করা নিষিদ্ধ করুন। কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা দেখুন, সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কার ও জীবাণুমুক্ত করার নির্দেশাবলী দেখুন। ✓ কিভাবে PPE পরতে, খুলতে, পরিষ্কার (যেমন প্রযোজ্য) এবং বাতিল করতে হয় সে বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিন। ✓ যন্ত্রপাতি, সরঞ্জাম, মেশিন, টাচস্ক্রিন, এবং যানবাহনের মতো জিনিসগুলি শেয়ার করার পাশাপাশি শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা সীমিত করুন; অথবা ব্যক্তিরা যখন শেয়ার করা সামগ্রীর অথবা প্রায়ই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে আসবেন তখন তাদের গ্লাভস (ব্যবসার উপযুক্ত অথবা চিকিৎসাগত) পরে থাকা; অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে ব্যক্তিদের হাত স্যানিটাইজ করা বা ধোয়া আবশ্যক করুন।	

রিওপেনিং নিউ ইয়র্ক

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলি সংক্রান্ত ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে সেই সকল রাজ্যব্যাপী গবেষণা ফেসিলিটিগুলির ক্ষেত্রেও প্রযোজ্য যাদের পূর্বে অপরিহার্য হিসেবে কাজ করার অনুমোদন দেওয়া হয়েছিল। বিস্তারিত জানার জন্য "উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা" (Interim COVID-19 Guidance for Higher Education Research) দেখুন।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলিকে উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণা সংক্রান্ত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কাজে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ	✓ রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর দেওয়া স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের আবশ্যকতাগুলি মেনে চলুন এবং সাইটে পরিষ্কার করার লগগুলি বজায় রাখুন যাতে তারিখ, সময়, এবং পরিষ্করণের এবং জীবাণুমুক্তকরণের পরিসর নথিবদ্ধ করা থাকে। ✓ হাতের স্বাস্থ্যবিধি পালনের স্টেশন প্রদান এবং বজায় রাখুন, সাবান, বহমান উষ্ণ গরম পানি এবং নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে দিয়ে হাত ধোয়া সহ, বা যে এলাকায় হাত ধোয়া বাস্তব সম্মত নয়, সেখানে একটি 60% বা তার বেশি অ্যালকোহল ধারণকারী অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করুন। ✓ শেয়ার করা এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলি ব্যবহার করার আগে ও পরে, অংশগ্রহণকারীদের হাতের স্বাস্থ্যবিধি পালনের পরে, পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি ব্যবহার করতে উৎসাহিত করুন। ✓ নিশ্চিত করুন যে যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়, অন্তত যতবার কর্মীরা ওয়ার্কস্টেশন পরিবর্তন করবেন, ততবার। ✓ সাইট নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন এবং বহু মানুষের ব্যবহার করা উচ্চ ঝুঁকিপূর্ণ জায়গাগুলি এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলি, পরিবেশ সংরক্ষণ সংস্থা (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর প্রতিরোধে কার্যকর হিসেবে নির্ণীত পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) সামগ্রীগুলি ব্যবহার করে আরো ঘনঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন। ✓ কঠোর পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া অন্তত প্রতিটি শিফটের পর, দৈনন্দিন বা প্রয়োজন অনুযায়ী আরো ঘন ঘন করতে হবে। ✓ একজন ব্যক্তির COVID-19 আক্রান্ত হওয়ার ঘটনা ধরা পরলে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করুন, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে অন্তত সকল অধিক যাতায়াতের এলাকা এবং বেশি স্পর্শ করা পৃষ্ঠতলগুলি (যেমন ল্যাবের টেবিল, লিফট, ফ্যাসিলিটির প্রবেশ দ্বার, ব্যাজ স্ক্যানার, বিশ্রাম কক্ষের রেলিং, সরঞ্জাম, দরজার হাতল) অন্তর্ভুক্ত হতে হবে। ✓ শেয়ার করা খাবার ও পানীয় নিষিদ্ধ করুন (যেমন বুফে ধাঁচের খাবার)।	✓ সুরক্ষার পূর্বসতর্কতাগুলো মেনে চলার সময় যেখানে সম্ভব বাইরের বায়ু চলাচলের ব্যবস্থা রাখুন (যেমন- দরজা বা জানালা খোলা রাখা)।

রিওপেনিং নিউ ইয়র্ক

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলি সংক্রান্ত ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে সেই সকল রাজ্যব্যাপী গবেষণা ফেসিলিটিগুলির ক্ষেত্রেও প্রযোজ্য যাদের পূর্বে অপরিহার্য হিসেবে কাজ করার অনুমোদন দেওয়া হয়েছিল। বিস্তারিত জানার জন্য "উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা" (Interim COVID-19 Guidance for Higher Education Research) দেখুন।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণার ফেসিলিটিগুলিকে উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণা সংক্রান্ত রাজ্য এবং ফেডারাল প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সাথে হালনাগাদ থাকতে হবে এবং এই পরিবর্তনগুলো তাদের কাজে অন্তর্ভুক্ত করতে হবে। কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং ফেডারাল আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা এই নির্দেশিকার উদ্দেশ্য নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
যোগাযোগ	✓ নিশ্চিত করুন যে আপনি রাজ্যের জারি করা করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করুন যে আপনি সেগুলি কার্যকর করবেন। ✓ সাইটের চারিদিকে সাইনেজ পোস্ট করে কর্মীদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্ব নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার জন্য সতর্ক করুন। ✓ সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা সহজেই চোখে পরে এমন জায়গায় পোস্ট করুন।	✓ হালনাগাদ তথ্য প্রদান করার জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলুন। ওয়েবপেজ তৈরি করা এবং সোশাল মিডিয়া ব্যবহার করার কথা বিবেচনা করুন। ✓ কোনো অপরিহার্য দর্শনার্থী এই ফ্যাসিলিটিতে প্রবেশ করতে তালিকাভুক্ত কিনা তা নির্ধারণ করতে গবেষক দলের সাথে সমন্বয় করুন।
স্ক্রিনিং	✓ সকল কর্মীর জন্য, এবং প্রযোজ্য ক্ষেত্রে বিক্রেতাদের জন্যও, স্বাস্থ্যজনিত স্ক্রিনিং মূল্যায়ন (যেমন- প্রশ্নপত্র পূরণ, তাপমাত্রা যাচাই) বাধ্যতামূলক করুন, তবে গ্রাহক ও ডেলিভারি কর্মীদের জন্য এ ধরনের স্ক্রিনিং বাধ্যতামূলক করা যাবে না। ✓ স্ক্রিনিং অনুশীলন নিধারন করবে একজন কর্মী অথবা গ্রাহক (1) গত 14 দিনে COVID-19 উপসর্গ অনুভব করেছেন কিনা, (2) গত 14 দিনে COVID-19 পরীক্ষায় ইতিবাচক ধরা পড়েছেন কিনা, এবং/অথবা (3) গত 14 দিনে COVID-19 হওয়া বা সন্দেহভাজন কারো ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছেন কিনা। ✓ যে কোনো পজিটিভ COVID-19 কেসের ক্ষেত্রে অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে জানান। ✓ যদি তারা পরবর্তীকালে COVID-19 সংক্রান্ত উপসর্গের সম্মুখীন হন তাহলে কর্মীদের শনাক্তকরণের তথ্য জানানোর জন্য একজন ব্যক্তিকে নির্দিষ্ট করতে হবে, যা প্রশ্নপত্রটিতে উল্লেখ করা হয়েছে।	✓ যতদূর সম্ভব, কর্মীরা ও দর্শনার্থীরা সাইটে আসার আগে দূরবর্তী স্ক্রিনিং সম্পাদন করুন (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে)। ✓ স্ক্রিনিং সম্পন্ন করার পূর্বে ব্যক্তিরা যাতে একে অপরের ঘনিষ্ট হতে বা কাছাকাছি না আসতে পারেন সেজন্য স্ক্রিনিং প্রক্রিয়া সমন্বয় করুন। ✓ সম কর্মসংস্থানের সুযোগ কমিশন (Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশিকা অনুযায়ী দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। ✓ যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত এবং তাদের PPE পরা উচিৎ। ✓ সকল কর্মী ও অতিথি সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ মেনটেন করুন যাদের কাজের সাইটে বা এলাকায় অন্যান্য ব্যক্তিদের সাথে নিকট যোগাযোগ হয়ে থাকতে পারে; উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করে বা স্পর্শহীন উপায়ে করা ডেলিভারিগুলি ছাড়া। যদি কোনো কর্মচারী বা দর্শনার্থী COVID-19 রোগে আক্রান্ত হন সেই ক্ষেত্রে যোগাযোগ সনাক্ত, চিহ্নিত এবং অবহিত করা যেতে পারে। ✓ যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে কাজে আবার যোগদান করতে চাইছেন বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য DOH এর নির্দেশিকা দেখুন।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.